শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৬.১৯-৩৮১

তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬ / ২৩ জুলাই ২০১৯

বিষয়ঃ রিট পিটিশন নং-৪১০৬/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্র: মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪১০৬/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।

উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪১০৬/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপ:

| রিট পিটিশন নং | পিটিশনার | রেসপনডেন্ট | মামলা দায়েরের কারণ/বিষয় |
|---|---|---|---|
| ৪১০৬/২০১৯ | জনাব মোছা: আফরোজা পারভীন, পিতা- মো: আবুল হোসেন গাজী, গ্রাম- দক্ষিণ চাপড়া, উপজেলা- আশাশুনি, জেলা- সাতক্ষীরা সহ মোট (০৮ জন)। | সচিব, মাউশি বিভাগ, সচিব, টিএমইডি, চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড ও আরো অন্যান্যসহ মোট ০৯ (নয়) জন। | বে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১১.৬, বে সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১১.৬, বে সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১৪.৭ এবং বে সরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১৪.৬ নং অনুচ্ছেদে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগে সর্বোচ্চ বয়স সীমা ৩৫ বছর নির্ধারণ করে জনবল কাঠামো জারি করা হয়েছে।<br>উক্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর সর্বোচ্চ বয়স সীমা ৩৫ বছর নির্ধারণের বিরুদ্ধে এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা এবং ব্যবসায় ব্যবস্থাপনা)-এ শিক্ষক-কর্মচারী'র যথাযথ পদে নিয়োগের আবেদন মঞ্জুর করার জন্য সংশ্লিষ্টদের প্রতি নির্দেশনা প্রদানের দাবীতে জনাব মোছা: আফরোজা পারভীন সহ মোট ০৮ জন কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৪১০৬/২০১৯ মামলা দায়ের করা হয়। |

০২। উল্লেখ্য গত ১৩/০৫/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগ বিষয়ে "বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮" এর সর্বোচ্চ বয়স সীমা নির্ধারণ ৩৫ বছর করা কেন বেআইনী ঘোষণা করা হবেনা; এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, কারিগরি ও মাদ্রাসা এবং ব্যবসায় ব্যবস্থাপনা)-এ শিক্ষক-কর্মচারী'র যথাযথ পদে নিয়োগের আবেদন মঞ্জুর করার জন্য সংশ্লিষ্টদের প্রতি কেন নির্দেশনা প্রদান করা হবেনা; সে মর্মে ১০/০৬/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কি? জবাব দাখিল না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪১০৬/২০১৯ মামালার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়ে থাকলে এর সর্বশেষ অবস্থা এবং জবাব (Affidavit in Opposition) দাখিল না করা হয়ে থাকলে জরুরিভিত্তিতে মাননীয় আাদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ৩০/০৭/২০১৯ খ্রি: এর মধ্যে এ বিভাগকে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা) ২৩/৭/১৯
সিনিয়র সহকারী সচিব (আইন)

বিতরণ:
১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:
১। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৪ ও ৫, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা (তাঁর দপ্তর **কর্তৃক কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে সে বিষয়ে তথ্যসহ বর্ণিত রিট মামালায় মাননীয় আদালতে দাখিলকৃত জবাব (Affidavit in Opposition)-এর কপি টিএমইডি-তে প্রেরণের অনুরোধসহ)** ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৬। অফিস কপি/মাস্টার কপি।

D:\Akram Work\Letter-2017-18.docx